

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ট/এম এস আই এন বিআর-১, ঢাকা।			
তারিখঃ- ৪৩৮		তারিখঃ- ৪৩৮	
সংখ্যাঃ-		সংখ্যাঃ-	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



তারিখঃ ২৬ মাঘ ১৪২৯

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৭৬.১৮.১০৪

০৯ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ আর্থিক সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় “এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস এন্ড হসপিটাল” স্থাপন শীর্ষক প্রকল্পের জিওবি খাতে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে নির্মাণ ও পূর্ত কাজের ব্যয় নির্বাহের জন্য ১ম কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি আর্থিক সালে খরচ করার জন্য মূলধন খাতে ১ম কিস্তির ছাড়কৃত অর্থ হতে ১৫০০.০০ লক্ষ (পনের কোটি) টাকা মাত্র নিম্নোক্তভাবে বরাদ্দ করা হলো।

ক্র/নং	কাজের বিবরণ	টাকার পরিমাণ
০১	Expansion of National Institute of NeuroSciences & Hodpital (NINS) at Sher-E-Bangla Nagar, Dhaka নির্মাণ কাজ।	১৫০০.০০ লক্ষ

উক্ত খরচ প্রকল্প পরিচালক, এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস এন্ড হসপিটাল স্থাপন শীর্ষক প্রকল্প, ঢাকার স্মারক নং/১০০ তারিখঃ-১৪-১১-২০২২ খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং/৩১৩৫ তারিখঃ-২৯-০১-২০২৩ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ১৫০০.০০ লক্ষ টাকা হিসাবের কোড নং-২২৪২১৮৪০০-৪১১১২০১ নির্মাণ ও পূর্ত খাতের ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে বহন/ সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক নিম্নোক্ত শর্ত অনুসরণ করে খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে।

শর্তঃ-

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rule 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।
- প্রত্য্যশি সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।
- কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্য্যশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।